

## স্বপ্নের তুমি বাস্তবে

এফ. আহমেদ

দরজা খুলতেই দেখি -  
বাকেট হাতে তুমি দাড়িয়ে  
তৎক্ষনাত মনে হল গানের কলি -  
“আমি কি স্বপ্ন দেখছিনা তো,  
আমার স্বপ্নের রাজকন্যা আমারই দ্বারে।”  
আমি হারিয়ে ফেললাম সকল ভাষা,  
আমার দৃষ্টি তখন বাকেটে নিবদ্ধ।  
সেখানে শোভা পাচ্ছে টকটকে লাল গোলাপ।  
মেমোরীতে সার্চ শুরু হয়ে গেল -  
না কোন বিশেষ দিনই মনে পড়ল না।  
তবে কি সেদিন ঐ মেয়েটি গাঁধা ফুল দিয়েছিল বলে -  
ইর্ষান্বিত হয়ে বা প্রতিপক্ষ ভেবে।  
এতো স্বতস্কূর্ত উপহার নয়।  
বাস্তবের চেয়ে স্বপ্ন অনেক সুন্দর।  
তাই আমার স্বপ্নের রাজকন্যাকে স্বপ্ন দৃশ্যে রেখে  
স্বপ্নের দ্বার দিলেম বন্ধ করে।